

জেএসসি পরীক্ষা  
প্রথম দিনেই অনুপস্থিত  
সাড়ে ৫৯ হাজার  
পরীক্ষার্থী

■ ইত্তেফাক রিপোর্ট

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার প্রথম দিনেই অনুপস্থিত ছিল ৫৯ হাজার ৬৬১ জন শিক্ষার্থী। অসুস্থপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হয় ১৪ জন পরীক্ষার্থী ও একজন পরিদর্শক। গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত হয় জেএসসির বাংলা প্রথম পত্রের পরীক্ষা, আজ বুধবার অনুষ্ঠিত হবে বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা।

এদিকে গতকাল শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রাজধানীর ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাই স্কুল কেন্দ্র পরিদর্শনে যান। গত বছরের মতো এবারও তিনি দলবল নিয়ে কেন্দ্রে প্রবেশ করেননি। মন্ত্রীকে পেয়ে অভিভাবকরাও নানা অভিযোগ তুলে ধরেন। যারা প্রশ্ন ফাঁস করে ও ডুয়া প্রশ্ন বিক্রি করে তাদের জন্য সর্বোচ্চ শাস্তি ফাঁসির দাবি জানান অভিভাবকরা। পরীক্ষা কেন্দ্রের গেটে শিক্ষামন্ত্রী সাংবাদিকদের বলেন, প্রশ্নফাঁস তেঁকাতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্টদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে। ফেসবুকে প্রশ্ন ফাঁস সংক্রান্ত কোনো খবর পেলে বিটিআরসি তাত্ক্ষণিক ব্যবস্থা নিবে।

আন্ত: শিক্ষা বোর্ড সূত্র জানায়, গতকালের জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নেয় ২২ লাখ ৪৮ হাজার ১৯৬ জন পরীক্ষার্থী। এর বাইরেও অনুপস্থিত ছিলো ৫৯ হাজার ৬৬১ জন। ঢাকা বোর্ডে অনুপস্থিত ছিল ১২ হাজার ৫৬০ জন, রাজশাহীতে চার হাজার ৮৩৮, কুমিল্লায় ছয় হাজার ৪১০, যশোরে চার হাজার ৮৪৬, চট্টগ্রামে দুই হাজার ৭০৫, সিলেটে দুই হাজার ৬৫০, বরিশালে তিন হাজার ২৮৮, দিনাজপুরে তিন হাজার ৫৯৯ জন এবং মাদ্রাসা বোর্ডে ১৮ হাজার ৭৬৫ জন শিক্ষার্থী।